**জুন ২০২১ খ্রিস্টাব্দ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় মোট ১২৮.৭৪১ কিলোমিটার (উড়াল ৬৭.৫৬৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৪টি স্টেশন (উড়াল ৫১টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে।

**সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০**

| ক্রম | এমআরটি লাইনের নাম | পর্যায় | সম্ভাব্য সমাপ্তির সাল | ধরণ |
|---|---|---|---|---|
| ১. | এমআরটি লাইন-৬ | প্রথম | ২০২৪ | উড়াল |
| ২. | এমআরটি লাইন-১ | দ্বিতীয় | ২০২৬ | উড়াল ও পাতাল |
| ৩. | এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট | | ২০২৮ | |
| ৪. | এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট | তৃতীয় | ২০৩০ | |
| ৫. | এমআরটি লাইন-২ | | | |
| ৬. | এমআরটি লাইন-৪ | | | উড়াল |

এ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ early commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ২০২৬ সালের মধ্যে কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ ও ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design এর কাজ চলমান। কমলাপুর থেকে বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route-এর বিভিন্ন Survey ও ভূমি অধিগ্রহণের কাজ চলছে। ২০৩০ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route-এর Feasibility Study, Detailed Design and Tender Assistance করার নিমিত্ত নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান গত ২১ এপ্রিল ২০২১ তারিখ কাজ শুরু করেছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে Preliminary Study চলমান আছে। ২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত রেলওয়ে ট্র্যাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে PPP পদ্ধতিতে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

## MRT Line-6 বা বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ প্রায় ২২,০০০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে উত্তরা ৩য় পর্ব হতে মতিঝিল পর্যন্ত Mass Rapid Transit (MRT) Line-6 বা বাংলাদেশের প্রথম মেট্রোরেলের নির্মাণ কাজের সার্বিক গড় অগ্রগতি **৬৭.৬৩%**। প্রথম পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত উত্তরা তৃতীয় পর্ব হতে আগারগাঁও অংশের পূর্ত কাজের অগ্রগতি **৮৭.৮০%**। দ্বিতীয় পর্যায়ে নির্মাণের জন্য নির্ধারিত আগারগাঁও থেকে মতিঝিল অংশের পূর্ত কাজের অগ্রগতি **৬৫.৪৮%**। ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল সিস্টেম এবং রোলিং স্টক (রেলকোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ কাজের সমন্বিত অগ্রগতি **৫৯.৪৮%**। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুসরণে MRT Line-6 মতিঝিল থেকে কমলাপুর পর্যন্ত ১.১৬ কিলোমিটার বর্ধিত করার নিমিত্ত Social Study, অংশীজনসভা, Household Survey, Land Acquisition Plan (LAP), Resettlement Acton Plan (RAP), Environment Impact Assessment (EIA) এবং Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design ও ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান।

**প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি**

Dhaka Mass Rapid Transit Development Project (Line-6) মোট ৮টি প্যাকেজে বাস্তবায়ন করা হচ্ছে। ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত প্যাকেজভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:

- **প্যাকেজ-০১ (ডিপো এলাকার ভূমি উন্নয়ন):** এ প্যাকেজের বাস্তব কাজ গত ৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ শুরু হয়ে নির্ধারিত সময়ের ০৯ (নয়) মাস পূর্বে গত ৩১ জানুয়ারি ২০১৮ তারিখ সমাপ্ত হয়েছে। এতে সরকারের ৭০ কোটি ৫৮ লক্ষ টাকা সাশ্রয় হয়েছে। বাস্তব অগ্রগতি ১০০%।
- **প্যাকেজ-২ (ডিপো এলাকার পূর্ত কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু হয়েছে। ডিপোর অভ্যন্তরে নির্মাণের জন্য নির্ধারিত মোট ৫২টি অবকাঠামোর মধ্যে ২৪টি অবকাঠামোর নির্মাণ কাজ পরিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। পূর্ত কাজের অগ্রগতি ৯9.00%। সকল স্থাপনার চারপাশে একই ধরণের সিরামিক টাইলস্ দিয়ে স্থাপত্য শৈলীর নির্মাণ কাজের অগ্রগতি ৯৪.০০%। Mechanical, Electrical and Plumbing (MEP) কাজের অগ্রগতি 80%। এই প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৯৫.00%।
- **প্যাকেজ-০৩ ও ০৪ (উত্তরা উত্তর থেকে আগারগাঁও পর্যন্ত ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট ও ৯টি স্টেশন নির্মাণ):** উভয় প্যাকেজের কাজ ১ আগস্ট ২০১৭ তারিখ শুরু হয়েছে। ইতোমধ্যে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, টেস্ট পাইল, মূল পাইল, পাইল ক্যাপ, আই-গার্ডার, প্রিকাস্ট সেগমেন্ট কাস্টিং, পিয়ার হেড, ১১.৭৩ কিলোমিটার ভায়াডাক্ট, ০৫টি Long Span Balanced Cantilever নির্মাণ, সকল স্টেশনের Sub-structure নির্মাণ এবং সকল প্যারাপেট ওয়াল ভায়াডাক্টের উপর স্থাপন সম্পন্ন হয়েছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ, পল্লবী ও মিরপুর-১০ স্টেশনসমূহের Concourse ছাদ নির্মাণ সমাপ্ত হয়েছে। বর্তমানে মিরপুর-১১, কাজীপাড়া ও শেওড়াপাড়া এবং আগারগাঁও স্টেশনসমূহের Concourse ছাদ নির্মাণের কাজ শেষ পর্যায়ে রয়েছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ ও পল্লবী স্টেশনসমূহে Steel Roof Structure নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। মিরপুর-১১ স্টেশনের Steel Roof Structure নির্মাণ কাজ চলমান আছে। উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ, পল্লবী ও মিরপুর-১১ স্টেশনে Mechanical, Electrical and Plumbing (MEP) এর কাজসহ এন্ট্রি-এক্সিট স্ট্রাকচার নির্মাণ কাজ শুরু হয়েছে। সার্বিক অগ্রগতি ৮২.১৭%।
- **প্যাকেজ-৫ (আগারগাঁও থেকে কারওয়ান বাজার পর্যন্ত ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্ট ও ৩টি স্টেশন নির্মাণ কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল, স্থায়ী বোরড্ পাইল, পিয়ার কলাম ও পিয়ার হেড নির্মাণ সম্পন্ন হয়েছে। মোট ২০৩টি পাইল ক্যাপের মধ্যে মেইন লাইনের সকল পাইল ক্যাপ (১০৬টি) এবং স্টেশনের ৯৭টি পাইল ক্যাপের মধ্যে ৯৬টি মোট ২০২টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। বর্তমানে বিজয় সরণি, ফার্মগেট, কারওয়ান বাজার মেট্রোরেল স্টেশনত্রয়ের নির্মাণ কাজ চলমান আছে। মোট ১১৫টি স্টেশন কলামের মধ্যে ৯৪টি স্টেশন কলাম নির্মাণ সম্পন্ন হয়েছে। বিজয় সরণি স্টেশনের ডানপাশের ১৩৫ মিটার রিটেইল লেভেল স্লাব কাস্টিং, ফার্মগেট স্টেশনের ১৮০ মিটার সম্পূর্ণ রিটেইল লেভেল স্লাব কাস্টিং এবং কারওয়ান বাজার স্টেশনের ডানপাশের ১৮০ মিটার রিটেইল লেভেল স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ৬টি Portal Beam এর মধ্যে ৪টি Portal Beam নির্মাণ সম্পন্ন হয়েছে। ২টি Special Long Span এর নির্মাণ কাজ অব্যাহত আছে। মোট ১০৪৮টি প্রিকাস্ট সেগমেন্ট এর মধ্যে ৭৭৪টি সেগমেন্ট নির্মাণ সম্পন্ন হয়েছে এবং ৩২৩৪টি প্যারাপেট ওয়ালের মধ্যে ১৫০৭টি প্যারাপেট ওয়াল নির্মাণ সম্পন্ন হয়েছে। উত্তরা ডিপো এলাকায় নির্মাণাধীন Metro Rail Exhibition & Information Center-এর পূর্ত কাজের অগ্রগতি ৯৮%। ৩.১৯৫ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ১.৭৬৫ কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। এ প্যাকেজের সার্বিক বাস্তব অগ্রগতি ৭০.০৩ %।
- **প্যাকেজ-৬ (কারওয়ান বাজার থেকে মতিঝিল পর্যন্ত ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্ট ও ৪টি স্টেশন নির্মাণ কাজ):** এ প্যাকেজের বাস্তব কাজ ০১ আগস্ট ২০১৮ তারিখ শুরু করা হয়েছে। বর্তমানে এ অংশে পরিসেবা স্থানান্তর, চেকবোরিং, ট্রায়াল ট্রেঞ্চ, টেস্ট পাইল, স্থায়ী বোরড্ পাইল, পিয়ার হেড ও পিয়ার কলাম সম্পন্ন হয়েছে। মোট ২৯৮টি পাইল ক্যাপের মধ্যে ২৭০টি পাইল ক্যাপ সম্পন্ন হয়েছে। ১৭৬৪টি প্রিকাস্ট সেগমেন্ট এর মধ্যে ১৬০৭টি সেগমেন্ট কাস্টিং সম্পন্ন হয়েছে। মোট ৪৯৪৬টি প্যারাপেট ওয়ালের মধ্যে ২৫০০টি প্যারাপেট ওয়াল সম্পন্ন হয়েছে। মোট ১৫৪টি স্টেশন কলামের মধ্যে ১২২টি স্টেশন কলাম সম্পন্ন হয়েছে। মোট ৯টি Portal Beam এর মধ্যে ৭টি Portal Beam নির্মাণ সম্পন্ন হয়েছে। বর্তমানে শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় ও মতিঝিল মেট্রোরেল স্টেশনসমূহের নির্মাণ কাজ চলমান আছে। ঢাকা বিশ্ববিদ্যালয় স্টেশনের ১৩৫ মিটার কনকোর্স লেভেল স্লাব কাস্টিং এবং ৪৫ মিটার প্ল্যাটফর্ম লেভেল স্লাব কাস্টিং সম্পন্ন হয়েছে। ৪.৯২২ কিলোমিটার ভায়াডাক্টের মধ্যে ২.৪৩৮কিলোমিটার ভায়াডাক্ট দৃশ্যমান হয়েছে। বাস্তব অগ্রগতি ৭০.৪৬%।
- **প্যাকেজ-০৭ (ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম):** ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম সরবরাহ ও নির্মাণ কাজ গত ১১ জুলাই ২০১৮ তারিখ শুরু হয়েছে। উত্তরা ডিপোতে রিসিভিং সাব-স্টেশন (RSS) এর পূর্ত কাজ শেষ করে বিদ্যুতায়নের কাজ সম্পন্ন করা হয়েছে। মতিঝিল রিসিভিং সাব-স্টেশন (RSS) এর ভবন নির্মাণ কাজ চলমান। ডিপো এলাকার ওয়ার্কশপ শেড-এর অভ্যন্তরে ১২টি রেল লাইনের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। স্ট্যাবলিং শেড এর অভ্যন্তরে এবং সংলগ্ন ইয়ার্ডে ১৯টি ব্যালাস্টেড রেল লাইনের মধ্যে সকল রেল লাইন স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ভায়াডাক্টের ওপর মেইন

লাইনের ২৬৭৮টি রেল জয়েন্ট ওয়েল্ডিং এর কাজ সম্পন্ন হয়েছে। আগারগাঁও পর্যন্ত ভায়াডাক্টে ২৩.৯৬ ট্র্যাক কিলোমিটার রেল লাইনের মধ্যে Track Plinth Casting সহ ১৭.৫০ কিলোমিটার রেল ট্র্যাক অ্যালাইনমেন্টের কাজ সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ১৪.৫০ কিলোমিটার রেল লাইন স্থাপন করা হয়েছে। ডিপোর অভ্যন্তরে OCS Mast স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে এবং Overhead Catenary Wire স্থাপন কাজ চলমান। ওয়ার্কশপ শেড এবং সংলগ্ন রেল ট্র্যাক এর Overhead Catenary System (OCS)-এর বৈদ্যুতিক টেস্টিং/কমিশনিং কাজ সম্পন্ন করা হয়েছে। ভায়াডাক্টের ওপর আগারগাঁও স্টেশন পর্যন্ত ১০.৫০ কিলোমিটার ট্র্যাকে OCS Portal/Mast স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে এবং 12.50 কিলোমিটার ওয়্যারিং সম্পন্ন হয়েছে। সার্বিক বাস্তব অগ্রগতি ৭২.00%।

- **প্যাকেজ-০৮ [রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট সংগ্রহ]:** এ প্যাকেজের বাস্তব কাজ ১৩ সেপ্টেম্বর ২০১৭ তারিখ শুরু করা হয়েছে। চলমান নভেল করোনা ভাইরাস (COVID-19) বৈশ্বিক মহামারী পরিস্থিতিতে বিশেষ উদ্যোগে Third Party Inspection এর মাধ্যমে প্রথম মেট্রো ট্রেন সেট গত ২৩ এপ্রিল ২০২১ তারিখ ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌঁছেছে। ডিপোতে প্রথম মেট্রো ট্রেন সেটের Receiving Inspection ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্ন করা হয়েছে। বর্তমানে ডিপোতে Functional Test চলছে। ডিপোর অভ্যন্তরে Functional Test শেষে ভায়াডাক্টের উপর মেইন লাইনে আগামী আগস্ট ২০২১ মাসে Performance Test করা হবে। ভায়াডাক্টের উপরে Performance Test সম্পন্ন হওয়ার পর Integrated Test করা হবে। Integrated Test সম্পন্ন হওয়ার পর প্রথম ট্রেনের Trial Run শুরু হবে। দ্বিতীয় মেট্রো ট্রেন সেট গত ০৩ জুন ২০২১ তারিখ ঢাকার উত্তরাস্থ ডিপোতে পৌঁছেছে। মেট্রোরেলের তৃতীয় এবং চতুর্থ মেট্রো ট্রেন সেট গত ২২ জুন ২০২১ তারিখ জাপানের কোবে সমুদ্র বন্দর হতে জাহাজ যোগে বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছে। উভয় ট্রেনসেট মোংলা বন্দরে এসে পৌঁছানোর সম্ভাব্য সময় জুলাই ২০২১ মাসের শেষ সপ্তাহ। মোংলা বন্দরে পৌঁছানোর পর শুল্ক ও ভ্যাট সম্পর্কিত কার্যাদি শেষে বার্জ যোগে মেট্রো ট্রেন সেট ২টি নদী পথে আগস্ট ২০২১ মাসের তৃতীয় সপ্তাহে ঢাকার উত্তরাস্থ ডিএমটিসিএল ডিপোতে এসে পৌঁছাবে বলে আশা করা যাচ্ছে। ৫ম ট্রেন সেটের জাপান হতে শিপমেন্টের সম্ভাব্য তারিখ ১৬ জুলাই ২০২১ এবং বাংলাদেশে পৌঁছানোর সম্ভাব্য তারিখ ১৭ সেপ্টেম্বর ২০২১। এ প্যাকেজের বাস্তব অগ্রগতি ৫০.০০%।

**করোনা মহামারী পরিস্থিতিতে মেট্রোরেলের কার্যক্রম চলমান রাখার নিমিত্ত গৃহীত পদক্ষেপ**

- COVID-19 এর Second Wave প্রতিরোধে নিয়োজিত জনবলের পরিপূর্ণ Screening ব্যবস্থা চলমান আছে;
- গাবতলী কন্সট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যা বিশিষ্ট এবং উত্তরাস্থ পঞ্চবটি কন্সট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যা বিশিষ্ট Field Hospital চালু আছে;
- MRT Line-6 এর নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠানের জনবলের নিরাপদ অবস্থানের জন্য নির্মাণস্থলের সন্নিকটে আবাসিক স্থাপনা নির্মাণ করা হয়েছে;
- ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে কর্মরত দেশী জনবলকে অনলাইন রেজিস্ট্রেশনের মাধ্যমে ভ্যাকসিনের প্রথম ও দ্বিতীয় ডোজ প্রদান করা হয়েছে;
- বিদেশী জনবলকে অনলাইন রেজিস্ট্রেশনের মাধ্যমে ভ্যাকসিন প্রদানের সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে; এবং
- ডিএমটিসিএল এবং এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত মোট ৭৩৪ জন COVID-19-এ আক্রান্ত হয়েছেন। কোন মৃত্যু নেই।

## MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল** রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নতুন বাজার ও যমুনা ফিউচার পার্ক স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতাল নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত Study, Survey ও Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design এর কাজ চলমান। Detailed Design এর অগ্রগতি ৭৫%। MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের নিমিত্ত নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজায় ৯২.৯৭২৫ একর জমি অধিগ্রহণের নিমিত্ত যৌথ তদন্ত কার্যক্রম সমাপ্ত হয়েছে। বর্তমানে রোয়েদাদ প্রস্তুতের কার্যক্রম চলমান আছে। ভূমি অধিগ্রহনের সার্বিক অগ্রগতি ৮০%। নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের

নিমিত্ত Expression of Interest (EOI) গত ১৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখে আহ্বান করা হয়। ডিপোর ভূমি উন্নয়নের নিমিত্ত গত ১২ জুন ২০২১ তারিখ দরপত্র আহ্বান করা হয়েছে।

## MRT Line-5: Northern Route

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে ভাটারা পর্যন্ত পাতাল ও উড়াল সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১৩.৫০ কিলোমিটার এবং উড়াল ৬.৫০ কিলোমিটার) ও ১৪টি স্টেশন (পাতাল ৯টি এবং উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Feasibility Study ও Basic Design সম্পন্ন হয়েছে। বিভিন্ন সার্ভে ও ভূমি অধিগ্রহণের কাজ চলছে। ঢাকা জেলার সাভার উপজেলার বিলামালিয়া ও কোন্ডা মৌজায় ১ম পর্যায়ে ৪০.১৮২২ হেক্টর ভূমি অধিগ্রহণের প্রস্তাব গত ০৯ জুন ২০২১ তারিখ কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটি কর্তৃক অনুমোদন করা হয়েছে।

## MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) এবং ১৬টি স্টেশন (পাতাল ১২টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত প্রাক-সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করা হয়েছে। MRT Line-5: Southern Route এর Project Readiness Financing (PRF) এর নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থার সঙ্গে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। গত ২১ এপ্রিল ২০২১ তারিখ নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। Feasibility Study অংশ হিসেবে বিভিন্ন ধরণের সার্ভে ও Basic Design এর কাজ শুরু করা হয়েছে। বেসিক ডিজাইন কাজের অগ্রগতি ১৫%।

## MRT Line -2

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে চট্টগ্রাম রোড পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে প্রায় ২৪ কিলোমিটার দীর্ঘ G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে জাপান ও বাংলাদেশ সরকার সহযোগিতা স্মারক স্বাক্ষর করেছে। এরই ধারাবাহিকতায় G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 বাস্তবায়নে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি গত ৮ নভেম্বর ২০১৮ তারিখ নীতিগত অনুমোদন প্রদান করেছে। G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে প্রকল্পটি বাস্তবায়নের নিমিত্ত জাপান ও বাংলাদেশের অংশগ্রহণে ৬ ডিসেম্বর ২০১৭ তারিখ প্রথম প্লাটফরম সভা, ৭ জুন ২০১৮ তারিখ দ্বিতীয় প্লাটফরম সভা, ২১ মার্চ ২০১৯ তারিখ তৃতীয় প্লাটফরম সভা এবং ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখ চতুর্থ প্লাটফরম সভা অনুষ্ঠিত হয়েছে। MRT Line-2 এর PPP Research সম্পন্ন করে গত মার্চ ২০২০ মাসে প্রতিবেদন দাখিল করা হয়েছে। নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান প্রিলিমিনারি স্টাডি করছে। প্রিলিমিনারি স্টাডি'র অগ্রগতি ৬০.০০%। MRT Line-2 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর এবং কন্সস্ট্রাকশন ইয়ার্ড নির্মাণের জন্য ঢাকা জেলার ডেমরা এলাকায় মাতুয়াইল ও দামড়িপাড়া মৌজায় গ্রীন মডেল টাউন এবং আমুলিয়া মডেল টাউন এর মধ্যবর্তী স্থানে মোট ৬৫ (পঁয়ষট্টি) একর ভূমি রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর Detailed Area Plan (DAP) 2016-2035 এ অন্তর্ভূক্ত করার প্রস্তাব গত ২৩ জুন ২০২১ তারিখ দাখিল করা হয়েছে।

## MRT Line-4

২০৩০ সালের মধ্যে PPP পদ্ধতিতে কমলাপুর - নারায়ণগঞ্জ রেলওয়ে ট্রাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।